

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা
ঢাকা।

নথি নং-৫(১৩)৩৫/কাস-বন্ড/ইউপি/বিজিএমইএ/২০০৯/

তারিখ: ১৫/১২/২০১০

প্রেরক: কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
সেগুনবাগিচা, ঢাকা।

প্রাপক: সভাপতি
বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স
২৩/১, পাছপথ লিংক রোড,
কাওরান বাজার, ঢাকা।

বিষয় : সেলস কন্ট্রোল/পার্চেজ অর্ডারের ভিত্তিতে প্রচলন রপ্তানিকারকের অনুকূলে ইউপি জারী সংক্রান্ত।

সূত্র: বিজিএমইএ এর পত্র নং বিজিএ/কাস/১৪৮২৩ তারিখ: ০৬/০৭/২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সেলস কন্ট্রোল/পার্চেজ অর্ডারের ভিত্তিতে প্রচলন রপ্তানিকারকদের অনুকূলে ইউপি ইস্যুর প্রস্তাবটি এ দপ্তরে পর্যালোচনা করা হয়েছে।

২। বিজিএমইএ এর সূত্রোক্ত পত্রে নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ করা হয়েছে:

(ক) প্রচলন রপ্তানিকারকরা সরাসরি রপ্তানি করে না বিধায় তাদের পক্ষে ইএক্সপি ও শিপিং বিল দাখিল করা সম্ভব নয়;

(খ) বর্তমান রপ্তানি নীতির অনুচ্ছেদ ২.৫-এ যে বিধান করা হয়েছে তা প্রচলন রপ্তানিকারকের ক্ষেত্রে প্রযোজ্য হবে না বলে তারা মনে করেন।

বর্ণিত প্রেক্ষাপটে বিজিএমইএ থেকে প্রচলন রপ্তানিকারকের অনুকূলে ইউডি দাখিল সাপেক্ষে ইউপি জারীর অনুরোধ করা হয়।

৩। এই সংশ্লেষে রপ্তানি নীতি, ২০০৯-১২ এর অনুচ্ছেদ ২.৫ নিম্নরূপ :-

“এলসি ছাড়া রপ্তানির সুযোগ- ইএক্সপি ফরম ও শিপিং বিল দাখিল সাপেক্ষে এলসি ছাড়া বাইয়িং কন্ট্রোল, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা অ্যাডভান্স পেমেন্টের ভিত্তিতে রপ্তানি করা যাবে। অগ্রীম নগদায়নের ক্ষেত্রে কনসাইনমেন্ট ভিত্তিতে সকল প্রকার পণ্য এলসি ছাড়া রপ্তানির অনুমোদন দেয়া হবে।”

৪। রপ্তানি নীতি, ২০০৯-১২ এর বর্ণিত বিধান এবং বিজিএমইএ এর আবেদনটি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হওয়া যায়:-

(ক) এলসি ব্যতীত বায়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা অ্যাডভান্স পেমেন্টের ভিত্তিতে রপ্তানির ক্ষেত্রে ইএক্সপি ফরম ও শিপিং বিল দাখিল বাধ্যতামূলক;

(খ) অগ্রীম নগদায়নের ক্ষেত্রে কনসাইনমেন্ট ভিত্তিতে সকল প্রকার পণ্য এলসি ছাড়া রপ্তানির অনুমোদন দেয়া যাবে;

(গ) প্রাচল্ল রপ্তানিকারকদের পক্ষে যেহেতু ইএক্সপি ফরম ও শিপিং বিল দাখিল সম্ভব নয় সেহেতু হয় তাদের এলসির বিপরীতে, নতুবা অগ্রীম নগদায়নের মাধ্যমে কনসাইনমেন্ট ভিত্তিতে এলসি ছাড়া রপ্তানির অনুমোদন দেয়া যাবে।

৫। রপ্তানি নীতি, ২০০৯-১২ এর অনুচ্ছেদ ২.৫ সরাসরি বা প্রাচল্ল কোন ধরনের রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য হবে তা সুনির্দিষ্ট নয়। তাই উক্ত বিধান সবধরনের রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য।

স্বাক্ষরিত/-

এস এম সোহেল রহমান

ডেপুটি কমিশনার

কমিশনারের পক্ষে

ফোন নং-৮৩৫২৮২৩